



বিজ্ঞপ্তি নং- ১৮

তারিখ: ১৯/০১/২০২৩

### বিজ্ঞপ্তি

#### পরিমার্জিত শিক্ষাক্রম ২০১২ অনুযায়ী একাদশ-দ্বাদশ শ্রেণির বিভিন্ন বিষয়ের পাঠ্যপুস্তকসমূহের বাংলা ভাষানে নতুন পাণ্ডুলিপি আহ্বান

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে একাদশ-দ্বাদশ শ্রেণির বিভিন্ন বিষয়ের ১ম ও ২য় পত্রের পাঠ্যপুস্তকসমূহ বেসরকারিভাবে প্রণয়ন ও প্রকাশ করার জন্য অনুমোদন গ্রহণে আগ্রহী লেখক/প্রকাশকদের নিকট থেকে নিম্নলিখিত বিষয়সমূহের জন্য নতুন পাণ্ডুলিপি আহ্বান করা হচ্ছে। বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ০১/০২/২০২৩ তারিখের মধ্যে চেয়ারম্যান, এনসিটিবি বরাবর, ১০০০/- (এক হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার শিক্ষা ও সম্পাদনা শাখায় জমা দিয়ে নাম রেজিস্ট্রেশন করে কারিকুলাম সংগ্রহ করতে হবে। সকল বিষয়ের জন্য পাণ্ডুলিপি জমাদানের সময় মূল্যায়ন ফি ও অনুমোদন সাপেক্ষে অনুমোদন ফি জমা দিতে হবে।

আগ্রহী লেখক/প্রকাশকদের পাণ্ডুলিপি মূল্যায়ন ফি ও আনুষঙ্গিক ব্যয় বাবদ প্রতি পত্রের পাঠ্যপুস্তকের জন্য ৪৫,০০০/- (পয়তাল্লিশ হাজার) টাকা এবং পাণ্ডুলিপি অনুমোদিত হলে অনুমোদন ফি প্রতি পত্র বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে চেয়ারম্যান, এনসিটিবি, ঢাকা এর অফিসে জমা দিতে হবে। তিন বছরের জন্য একটি পাঠ্যপুস্তকের অনুমোদন দেওয়া হবে। অনুমোদনের সময়সীমা অতিক্রান্ত হলে আগ্রহী লেখক/প্রকাশকগণ পুনঃঅনুমোদন গ্রহণের জন্য ফি-সহ পাণ্ডুলিপি বোর্ডে জমা দিতে পারবেন। তবে পরিমার্জিত নতুন শিক্ষাক্রম বাস্তবায়িত হলে পাঠ্যপুস্তকের এই অনুমোদন ও পুনঃঅনুমোদন কোনো প্রকার কারণ দর্শানো ছাড়াই বাতিল বলে গণ্য হবে।

বিষয়সমূহ:

|     |   |     |  |
|-----|---|-----|--|
| ১।  | বাংলা ২য় পত্র                            | ১৪। | সমাজবিজ্ঞান (১ম ও ২য় পত্র)                  |
| ২।  | ইংরেজি ২য় পত্র                           | ১৫। | সমাজকর্ম (১ম ও ২য় পত্র)                     |
| ৩।  | পদার্থবিজ্ঞান (১ম ও ২য় পত্র)             | ১৬। | গার্হস্থ্যবিজ্ঞান (১ম ও ২য় পত্র)            |
| ৪।  | রসায়ন বিজ্ঞান (১ম ও ২য় পত্র)            | ১৭। | ইসলাম শিক্ষা (১ম ও ২য় পত্র)                 |
| ৫।  | জীববিজ্ঞান (১ম ও ২য় পত্র)                | ১৮। | মনোবিজ্ঞান (১ম ও ২য় পত্র)                   |
| ৬।  | উচ্চতর গণিত (১ম ও ২য় পত্র)               | ১৯। | টুরিজম এন্ড হসপিটালিটি (১ম ও ২য় পত্র)       |
| ৭।  | পরিসংখ্যান (১ম ও ২য় পত্র)                | ২০। | ভূগোল (১ম ও ২য় পত্র)                        |
| ৮।  | মৃত্তিকাবিজ্ঞান (১ম ও ২য় পত্র)           | ২১। | ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (১ম ও ২য় পত্র) |
| ৯।  | ইতিহাস (১ম ও ২য় পত্র)                    | ২২। | হিসাববিজ্ঞান (১ম ও ২য় পত্র)                 |
| ১০। | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (১ম ও ২য় পত্র) | ২৩। | ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা (১ম ও ২য় পত্র)   |
| ১১। | পৌরনীতি ও সুশাসন (১ম ও ২য় পত্র)          | ২৪। | উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন (১ম ও ২য় পত্র)   |
| ১২। | অর্থনীতি (১ম ও ২য় পত্র)                  | ২৫। | কৃষি শিক্ষা (১ম ও ২য় পত্র)                  |
| ১৩। | যুক্তিবিদ্যা (১ম ও ২য় পত্র)              |     |  |

শর্তসমূহ:

- পাণ্ডুলিপি কম্পিউটার কম্পোজ করে জমা দিতে হবে। প্রতিটি বিষয়ের ০৪ (চার) কপি করে পাণ্ডুলিপি জমা দিতে হবে।
- পাঠ্যপুস্তকসমূহ বাংলা একাডেমির বানানরীতি অনুযায়ী প্রণয়ন করতে হবে।
- পাণ্ডুলিপি নির্ধারিত সাইজ  $\frac{1}{4}$  ডিসি (ডবল ক্রাউন) হবে।
- কন্টেন্ট এরিয়া  $৮.৫" \times ৫.৭৫"$  হবে।
- ১২ পয়েন্ট (SutonnyMJ) টাইপ ব্যবহার করতে হবে। সিঙ্গেল লাইন স্পেস দিতে হবে। পৃষ্ঠার একপার্শ্বে ছাপা থাকবে।
- প্রতি পত্রের ০৪ (চার) কপি পাণ্ডুলিপির ০১ (এক) সেট মার্কিন কাপড়ে সিলগালা অবস্থায় প্যাকেট করে প্যাকেটের উপরে বিষয়ের নাম এবং প্রাপক ও প্রেরকের ঠিকানা উল্লেখ করতে হবে।
- প্রতিটি পাঠ্যপুস্তকের ফি-এর উপর ১৫% হারে ভ্যাট ট্রেজারি চালান (নং ১-১১৩৩-০০১০-০৩১১) এর মাধ্যমে জমা দিয়ে চালানের মূল কপি ব্যাংক ড্রাফটের সাথে জমা দিতে হবে।
- প্রকাশনা সংস্থার ট্রেড লাইসেন্স, ই-টিআইএন ও ভ্যাট সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
- জমাকৃত পাণ্ডুলিপি ফেরত দেওয়া হবে না।
- একটি শিক্ষাক্রমের বিপরীতে ১ (এক)টি পাণ্ডুলিপি জমা দিতে পারবে।
- পরিমার্জিত নতুন শিক্ষাক্রম বাস্তবায়িত হলে পাঠ্যপুস্তকের এই অনুমোদন ও পুনঃঅনুমোদন কোনো প্রকার কারণ দর্শানো ছাড়াই বাতিল বলে গণ্য হবে।
- পুস্তক আকারে পাণ্ডুলিপি জমাদানের শেষ তারিখ ২৬/০২/২০২৩

শিক্ষাক্রম ও পাণ্ডুলিপি প্রধান সম্পাদক, এনসিটিবি, ৪র্থ তলা এর নিকট থেকে অফিস চলাকালীন গ্রহণ ও জমা দিতে হবে।

১৯/০১/২০২৩

(মোসাঃ নাজমা আখতার)

সচিব

ফোন : ০২-২২৩৩৮৫৬৪৪

১৯